৩/৪/২০০৩

ভোরের কাগজ

তারিখ ......
পৃষ্ঠা ১০ কলাম ৪

# চা শ্রমিকদের সন্তানদের লেখাপড়ার জন্য প্রধানমন্ত্রীর অনুদানের চেক হস্তান্তর

বাণিজ্যমন্ত্রী মোঃ আব্দুল জলিল বলেছেন, ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের প্রতিটি নাগরিক শিক্ষা গ্রহণ করে নিজেদেরকে যাতে যোগ্য করে গড়ে তুলতে পারে সে লক্ষ্যে সরকার নিরলস কাজ করে যাচ্ছে। মন্ত্রী গত সোমবার বাংলাদেশের চায়ের রাজধানী নামে খ্যাত শ্রীমঙ্গলে চা বাগান শ্রমিকদের ছেলেমেয়েদের লেখাপড়ার উন্নতিকল্পে প্রধানমন্ত্রী প্রতিশ্রুত ১ কোটি টাকার অনুদানের চেক হস্তান্তর উপলক্ষে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

মন্ত্রী বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল আবদুল মান্নান মিয়ার হাতে আনুষ্ঠানিকভাবে চেক তুলে দেন। প্রধানমন্ত্রীর অনুদান ১ কোটি, চা বোর্ডের ৪১ লাখ ৯৫ হাজার, বাংলাদেশীয় চা সংসদের ৮ লাখ এবং চা শ্রমিক ইউনিয়ন প্রদত্ত ৫ হাজার টাকাসহ মোট ১ কোটি ৫০ লাখ টাকার ঐ ফান্ডটি 'বাংলাদেশ চা বাগান শ্রমিক শিক্ষা ট্রাস্টের' নামে পরিচালিত হবে।

ট্রাস্ট পরিচালনা কমিটি মূলধন তহবিলের আয় থেকে চা শ্রমিকদের ছেলেমেয়ে ও তাদের পোষ্যদের সাধারণ, বৃত্তিমূলক ও উচ্চশিক্ষা গ্রহণে সহায়তার জন্য মাসিক, ত্রৈমাসিক, বাৎসরিক ও এককালীন মঞ্জুরি বৃত্তি প্রদান করবে। এ ছাড়া শিক্ষা সহায়তা সংক্রান্ত যেকোনো কাজে সাহায্য ও মঞ্জুরি দেবে।

বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল আবদুল মান্নান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আরো বক্তব্য রাখেন জাতীয় সংসদের হুইপ উপাধ্যক্ষ আবদুস শহীদ, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মহিবুর রহমান মানিক, সংসদ সদস্য বেগম হোসনে আরা ওয়াহিদ, বাণিজ্য সচিব সোহেল আহমেদ, আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আজিজুর রহমান, মৌলভীবাজার জেলা আওয়ামী লীগের সভাপতি সৈয়দ মহসিন আলী এবং বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের নির্বাহী সভাপতি ভূপেশ সিং রাউতিয়া। তথ্য বিবরণী।